

Handwritten mark or signature.

101

তারিখ .. 17. SEP 1959 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৭ ...

শিক্ষক সমিতি ফেডারেশন ভাঙ্গিটিতে নিয়োগ পদোন্নতি বন্ধের নির্দেশ তুলে নিন

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)
বিশ্ববিদ্যালয়ে নিয়োগ ও পদোন্নতি বন্ধের নির্দেশ আগামী (প্রথম পৃঃ পর কঃ দঃ)

ভাঙ্গিটিতে নিয়োগ

(প্রথম পৃঃ পর)
সাত দিনের মধ্যে প্রত্যাহার করে নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন সরকারের নিকট দাবী জানিয়েছে। অন্যথায় ফেডারেশন ২৬শে সেপ্টেম্বর দেশের সকল বিশ্ববিদ্যালয়ে প্রতীক ধর্মঘট, মোন মিছিল ও সমাবেশের কর্মসূচী পালন করবে।

গতকাল ফেডারেশনের এক সাধারণ সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এ সভায় নিয়োগ ও পদোন্নতি বন্ধের সরকারী নির্দেশকে বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসনের উপর হস্তক্ষেপ হিসাবে উল্লেখ করা হয়।

রাজশাহী ভাঙ্গিটি সংবাদদাতা জানান, রাজশাহী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয় সমূহে নিয়োগ ও পদোন্নতির উপর সরকারী নিষেধাজ্ঞা প্রত্যাহার দাবীতে আগামী সোমবার বিশ্ববিদ্যালয় শিক্ষক ধর্মঘট আহ্বান করেছে।

সমিতির সভাপতি অধ্যাপক শমসের আলীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক জরুরী সভায় শিক্ষক ধর্মঘটের এই সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত ভাইস চ্যান্সেলরদের মাসিক সভা বন্ধেরও আহ্বান জানানো হয়। এছাড়া শিক্ষকগণ নিষেধাজ্ঞা প্রত্যাহার না হওয়া পর্যন্ত কোন রূপ সরকারী কর্মকান্ড অংশগ্রহণ করবেন না বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

এদিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় অফিসার সমিতি ও রাকস নেতৃবৃন্দ পৃথক পৃথক বিবৃতিতে বিশ্ববিদ্যালয়সমূহে নিয়োগ ও পদোন্নতির উপর সরকারী নিষেধাজ্ঞা নিন্দা করেন এবং অবিলম্বে এই নিষেধাজ্ঞা প্রত্যাহারের আহ্বান জানান।